# 125101 - ওয়াক্ফ থেকে প্রত্যাবর্তন করার হুকুম

প্রশ্ন

জনৈক ব্যক্তি সুস্থ থাকাকালে খুব বড় একটি জমি কবরস্থানের জন্য ওয়াক্ফ করেছে। কিন্তু এখন পর্যন্ত সেখানে কেউ দাফন করেনি। ওয়াক্ফকারী লোকটি এখন রিটার্ডমেন্টে গিয়েছেন। ঐ জমিটি ও বাসাটি ছাড়া তার ও তার সন্তানদের জন্য আর কোন জমি নাই। এমতাবস্থায় ঐ ওয়াক্ফ থেকে প্রত্যাবর্তন করা কিংবা এর অংশ বিশেষ থেকে প্রত্যাবর্তন করা কি জায়েয হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যে জমিটি তিনি ওয়াক্ফ করেছেন সেটার ওয়াক্ফ থেকে কিংবা এর অংশ বিশেষ থেকে প্রত্যাবর্তন করা জায়েয নয়। যেহেতু ওয়াক্ফ করার মাধ্যমে সেটি ওয়াক্ফকারীর মালিকানা থেকে বেরিয়ে গেছে। কেবল যে খাতের জন্য ওয়াক্ফ করা হয়েছে সে খাত থেকে উপকৃত হওয়ার সুযোগ ব্যতীত। যেখানে জমিটি রয়েছে সেখানে দাফনের জন্য যদি এর প্রয়োজন না থাকে তাহলে এটি বিক্রি করে দেয়া হবে এবং এর মূল্য অন্য কোন স্থানে কবরস্থানের জন্য দেয়া হবে। ঐ এলাকার কাযী (বিচারক)-কে না জানিয়ে ওয়াক্ফকৃত জমিতে কিছু করা যাবে না। রিটার্ডমেন্টে যাওয়ার পর আপনার আর্থিক অবস্থা দুর্বল হওয়া এটি ওয়াক্ফতে প্রত্যাবর্তনের কারণ হিসেবে যথেষ্ট নয়। আল্লাহ্ তাআলা আপনাকে প্রতিদান দিন এবং আপনাকে আপনার দানের উত্তম বদলা দিন। আমাদের নবী মুহাম্মদের প্রতি আল্লাহ্র রহমত ও শান্তি বর্ষিত হোক।[সমাপ্ত]

আল-লাজনাদ দায়িমা লিল বুহুছিল ইলমিয়্যা ওয়াল ইফতা

ফাতাওয়া ইসলামিয়্যা (৩/২৩)